# মডেল টেস্ট– ২

## ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. খালিক শব্দের অর্থ সৃষ্টি কর্তা। আমাদের সৃষ্টি কর্তা কে?
ⓚ রাসুলগণ ⓚ আল্লাহ তায়ালা
ⓖ নবীগণ ⓖ ফেরেশতাগণ

২. তুমি একজন মুসলিম। তোমার কাকে ভয় করা উচিত?
ক ক্ষমতাসীনকে খ শিক্ষকদের
গ গুরুজনদের ঘ একমাত্র আল্লাহ তায়ালাকে

৩. যা আমরা দেখতে পাই, সেগুলো আল্লাহ সৃষ্টি করেছেন। যেগুলো দেখতে পাই না সেগুলো কে সৃষ্টি করেছেন?
ক কেউ তা জানে না খ ভিন্ন গ্রহের প্রাণীরা
গ মহান আল্লাহই ঘ দেখা যায় না এমন সৃষ্টি নেই

৪. আমাদের চলাফেরা, আচার-অনুষ্ঠান, ভালোমন্দ, পাপ-পুণ্য সবকিছু লিখে রাখা হয়। এটি কী নামে অভিহিত?
ক খাবনামা খ ফালনামা গ আমলনামা ঘ খতিয়ান

৫. তুমি তাওহিদে বিশ্বাস কর। তাওহিদের পর তোমার দ্বিতীয় মৌলিক বিশ্বাস কোনটি হবে?
ক রিসালাত খ আখিরাত গ শরিয়ত ঘ তরিকত

৬. বিশুদ্ধ পানি ব্যবহারে স্বাস্থ্য ভালো থাকে। এ ধরনের পানি আমরা কোথা থেকে পাই?
ক নদনদী খ খালবিল গ পুকুর ঘ নলকূপ

৭. তুমি তোমার কর্তব্য কাজে অবহেলা করবে না, কারণ–
ক এতে বেশি টাকা উপার্জন করতে পারবে
খ মালিকের ক্ষতি করে লাভ নেই
গ আল্লাহ সর্বদ্রষ্টা
ঘ ফাঁকি দিয়ে বড় হওয়া যায় না

৮. তোমার বাবা সৎপথে ব্যবসা-বাণিজ্য করে। তার কাজটি কিসের শামিল?
ক ভোগ বিলাসের খ কল্যাণের
গ ইবাদতের ঘ পবিত্রতার

৯. তুমি তোমার প্রতিটি মুহূর্ত কীভাবে আল্লাহর ইবাদতে অতিবাহিত করবে?
ক সাওম পালন করে
খ যাকাত প্রদান করে
গ হজ পালন করে
ঘ সকল কাজে আল্লাহর বিধান মেনে

১০. সাব্বির সুস্থ থাকতে চায়। সে কীভাবে তার শরীর সুস্থ রাখতে পারে?
ক দামি খাবার খেয়ে খ নিয়মিত ডাক্তারের কাছে গিয়ে
গ পরিষ্কার-পরিচ্ছন্ন থেকে ঘ নিয়মিত খেলাধুলা করে

১১. প্রতিটি মুমিন ব্যক্তির উচিত সঠিক সময়ে সালাত আদায় করা। একজন মুমিনের জন্য এটি কী ধরনের কাজ?
ক ফরজ খ সুন্নত গ নফল ঘ ওয়াজিব

১২. মনে কর, তোমার সালাতে ভুল হয়ে গেছে। এক্ষেত্রে তুমি তোমার সালাতকে কীভাবে সংশোধন করবে?
ক পুনরায় সালাত আদায় করে
খ দোয়া কুনূত পড়ে
গ সাহু সিজদাহ দিয়ে
ঘ সালাতের শেষ বৈঠকে তাশাহহুদ পড়ে

http://teachingbd.com

১৩. মিসেস রায়হান সকল প্রকার পাপ কাজ থেকে মুক্ত হয়ে সাওম পালন করেন। তিনি আল্লাহর কাছে কিরূপ মর্যাদা লাভ করবেন?
ⓚ শহিদের মর্যাদা ⓚ প্রিয় মানুষ হওয়ার মর্যাদা
ⓖ উচ্চতর ব্যক্তিত্বের মর্যাদা ⓘ নিষ্পাপ শিশুর মর্যাদা

১৪. 'বিশ্ব মুসলিমের মহাসম্মেলন'— উক্তিটি কিসের সাথে সম্পর্কযুক্ত বলে তুমি মনে কর?
ⓚ ইসলামি জলসা ⓚ বিশ্ব ইজতেমা
ⓖ হজ ⓘ ঈদের নামাজ

১৫. মোসা: খাদিজা সব সময় বিসমিল্লাহ বলে পড়া শুরু করে। মোসা: খাদিজা এ কাজটি কী হিসাবে গণ্য হবে?
ⓚ ইবাদত ⓚ ভালো কাজ ⓖ প্রশংসনীয় ⓘ অনুসরণীয়

১৬. তুমি একজন মুসলমান। পরিমাপের ক্ষেত্রে তোমার আচরণ কেমন হওয়া উচিত?
ⓚ নিজের লাভের দিকে সতর্ক থাকা
ⓚ ব্যবসায়ী কাজে পারদর্শী হওয়া
ⓖ ওজনে কখনোই কমবেশি না করা
ⓘ বুদ্ধিমত্তার সাথে পরিমাপ করা

১৭. হযরত আব্দুল কাদির জিলানী (র) ডাকাতদের সাথে সত্য কথা বলেছেন। এর মধ্য দিয়ে আব্দুল কাদির জিলানী (র)-এর কী প্রকাশ পেয়েছে?
ⓚ মানবতা ⓚ পরোপকারিতা
ⓖ স্বার্থহীনতা ⓘ নৈতিক মূল্যবোধ

১৮. তোমার বন্ধুকে ক্ষমা করা সত্ত্বেও যদি সে বার বার অপরাধ করে। এক্ষেত্রে তাকে কী করতে হবে?
ⓚ তাকে ঘৃণা করতে হবে ⓚ তাকে উৎসাহ দিতে হবে
ⓖ তাকে শাস্তি দিতে হবে ⓘ তাকে গোপনে সাহায্য করতে হবে

১৯. তোমার পিতামাতা অসুস্থ, তোমার আচরণ কেমন হবে?
ⓚ স্বাভাবিক ব্যবহার করবে ⓚ আদেশ অমান্য করবে
ⓖ তাঁদের সাথে ঝগড়া করবে ⓘ তাঁদের সেবাযত্ন করবে

২০. তোমার চরিত্র সুন্দর ও আচরণ ভালো করতে হলে তোমাকে—
ⓚ বন্ধুদের সাথে মিশতে হবে ⓚ টিভি দেখতে হবে
ⓖ পিতামাতার কথা শুনতে হবে ⓘ খেলাধুলা করতে হবে

২১. চরিত্র সুন্দর ও আচরণ ভালো করতে তুমি—
ⓚ ফলদ গাছের যত্ন নিবে ⓚ সব সময় প্রথম বেঞ্চে বসবে
ⓖ প্রয়োজনে কটু কথা বলবে ⓘ সৃষ্টির সেবা করবে

২২. একটি বিড়ালছানা পানিতে পড়ে গেলে শামীম পানি থেকে উদ্ধার করে। শামীমের এ কাজটি কিসের অন্তর্ভুক্ত?
ⓚ সামাজিক মূল্যবোধ ⓚ প্রশংসনীয় কাজ
ⓖ অনুসরণীয় কাজ ⓘ নৈতিক মূল্যবোধ

২৩. তোমার বন্ধু তোমার বই ছিঁড়ে ফেলল। এক্ষেত্রে তুমি কী করবে?
ⓚ শাস্তি দিব ⓚ গালি দিব
ⓖ ক্ষমা করব ⓘ তার বই ছিঁড়ে দিব

২৪. পবিত্র কুরআনের একটি সূরায় সালাত সমন্ধে উদাসীন ব্যক্তিদের দুর্ভোগের কথা বলা হয়েছে। এটি কোন সূরা?
ⓚ সূরা মাউন ⓚ সূরা ফীল
ⓖ সূরা কুরাইশ ⓘ সূরা কাউসার

http://teachingbd.com

২৫. জান্নাত কুরআন তিলাওয়াত করতে গিয়ে 'قف' এরূপ চিহ্ন দেখতে পেল। এর দ্বারা সে কী বুঝবে?

ক মিলিয়ে পড়া উত্তম | খ কিঞ্চিৎ থামতে হয়
গ দমে না কুলালে থামা যায় | ঘ থামা উচিত

২৬. ইফতেখার বোঝে কুরআন মজিদ তিলাওয়াত করে। এর মাধ্যমে সে কোনটি জানতে পারবে?

ক বৈজ্ঞানিক আবিষ্কারের কথা
খ সমুদ্রে জাহাজ চলাচলের কথা
গ পৃথিবীর আবর্তনের কথা
ঘ কিসে আমাদের সফলতা ও সম্মান

২৭. কুরআন মজিদ সহীহ-শুদ্ধভাবে তিলাওয়াতের একটি নিয়ম হলো গুন্নাহ। এর হরফ কয়টি?

ক দুইটি | খ তিনটি | গ চারটি | ঘ পাঁচটি

২৮. পৃথিবীর প্রথম লিখিত সনদ হলো মদিনা সনদ। এই সদনের কতটি ধারা ছিল?

ক ৪৫টি | খ ৪৬টি | গ ৪৭টি | ঘ ৪৮টি

২৯. শিশু মুহাম্মদ (স)-কে বিবি হালিমা (রা) পাঁচ বছর পর্যন্ত নিজের সন্তানের মতো লালনপালন করেন। এ সময় তাঁর চরিত্রে কিসের অনুপম দৃষ্টান্ত ফুটে ওঠে?

ক ইনসাফ ও ত্যাগের | খ ইহসান ও মানবতার
গ সত্য ও ন্যায়ের | ঘ বিশ্বাস ও আদলের

৩০. মহানবি (স) মক্কা থেকে মদিনায় হিজরত করেন। সেখানকার অধিকারীরা তাঁকে কীভাবে গ্রহণ করল?

ক শ্রদ্ধা ও ভক্তির সাথে
খ বিরক্তির সাথে
গ শত্রু মনোভাব নিয়ে
ঘ পরম আগ্রহ ও ভালোবাসার সাথে

৩১. একটি সমাজে শান্তি-শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য তুমি কোনটিকে অত্যাবশ্যক হিসেবে চিহ্নিত করবে?

ক গণ-মাধ্যমের স্বাধীনতা
খ নারীর স্বাধীনতা
গ শিশু অধিকার
ঘ বিচার ফয়সালার বিচক্ষণতা ও নিরেপক্ষতা

৩২. আল্লাহ তায়ালা মানুষের হিদায়েতের জন্য যুগে যুগে অনেক নবি-রাসুল পাঠিয়েছেন। এদের মধ্যে সর্বশেষ কে?

ক মহানবি (স) | খ আদম (আ)
গ মুসা (আ) | ঘ ইবরাহিম (আ)

৩৩. মহানবি (স) ব্যতিক্রম ছিলেন, কারণ তিনি কখনো—

ক টাকা উপার্জন করেননি
খ দুর্ব্যবহার করেননি
গ কোনো যুদ্ধে অংশগ্রহণ করেননি
ঘ খাদ্য গ্রহণ করেননি

Teachingbd.com

৩৪. হিজরি ৬ সনে হুদাইবিয়ার সন্ধি স্বাক্ষরিত হয়। এ সন্ধি কাদের মধ্যে হয়েছিল?
ⓚ মক্কার দুটি গোত্রের মধ্যে
ⓚ মদিনার মুসলিম ও কাফিরদের মধ্যে
ⓖ মক্কার কুরাইশ ও মদিনার মুসলমানদের মধ্যে
ⓖ মহানবি (স) ও তাঁর সাহাবিদের মধ্যে

৩৫. মানুষের ভালো হওয়ার এবং কল্যাণ লাভের সব কথা, সব নিয়মনীতি একটি কিতাবে বর্ণিত আছে। কিতাবটির নাম কী?
ⓚ তাওরাত ⓚ যাবূর
ⓖ ইনজিল ⓖ কুরআন মজিদ

৩৬. আমাদের পালনকর্তা কে?
ⓚ আব্বা-আম্মা ⓚ আল্লাহ তায়ালা
ⓖ ডাক্তার ⓖ পীরমুর্শিদ

৩৭. নিচের সৃষ্টিগুলোর মধ্যে কোনটি আল্লাহর নিকট সেরা?
ⓚ সূর্য ⓚ ইবলিস ⓖ ফেরেশতা ⓖ মানুষ

৩৮. আল্লাহ তায়ালার আনুগত্যের নাম কী?
ⓚ ইসলাম ⓚ তাওহিদ ⓖ রিসালাত ⓖ আখিরাত

৩৯. কাবা শরিফ কোথায় অবস্থিত?
ⓚ মক্কায় ⓚ মদিনায় ⓖ জেরুজালেমে ⓖ ফিলিস্তিনে

৪০. সালাতের আরকান কখন পালন করতে হয়?
ⓚ সালাতের শুরুতে ⓚ সালাতের ভেতরে
ⓖ সালাত শুরুর আগে ⓖ সালাতের শেষে

৪১. আল্লাহর কাছে পৃথিবীর সবচেয়ে প্রিয় স্থান কোনটি?
ⓚ ঈদগাহ ⓚ মক্কা ⓖ মদিনা ⓖ মসজিদ

৪২. 'রোযা' কোন ভাষার শব্দ?
ⓚ বাংলা ⓚ আরবি ⓖ ফারসি ⓖ উর্দু

৪৩. সততা মানে কী?
ⓚ ধৈর্যধারণ ⓚ সরলতা ⓖ সাধুতা ⓖ বিরোধিতা

৪৪. "রাব্বিরহামহুমা কামা রাব্বাইয়ানী সাগীরা"–এই আয়াতটি কাদের উদ্দেশ্যে পাঠ করা হয়?
ⓚ প্রতিবেশী ⓚ আত্মীয়স্বজন ⓖ পিতামাতা ⓖ বন্ধুবান্ধব

৪৫. সর্বশেষ আসমানী কিতাব কোনটি?
ⓚ তাওরাত ⓚ যাবুর ⓖ ইনজিল ⓖ কুরআন

৪৬. আমরা কার উপদেশ মানব?
ⓚ মহানবি (স) এর ⓚ শিক্ষকের
ⓖ পিতামাতার ⓖ বড়দের

৪৭. কুরআন মজিদে ব্যবহৃত ○ (গোল) চিহ্ন দ্বারা কী নির্দেশ করে?
ⓚ না থামা ⓚ পূর্ণ বিরতি ⓖ কিঞ্চিৎ থামা ⓖ মিলিয়ে পড়া

৪৮. হযরত দাউদ (আ) কোন বংশে জন্মগ্রহণ করেন?
ⓚ বানু ইসরাইল ⓚ বানু তামীম
ⓚ বানু পায়েস ⓖ বানু গালিব

৪৯. কত খ্রিষ্টাব্দে 'হুদাইবিয়ার সন্ধি' হয়?
ⓚ ৬১৭ ⓚ ৬২২ ⓖ ৬২৪ ⓖ ৬২৮

৫০. হাজরে আসওয়াদ কোথায় স্থাপন করা হয়?
ⓚ মদিনার মসজিদে ⓚ রিয়াদের মসজিদে
ⓖ কাবার দেয়ালে ⓖ জেরুজালেমের মসজিদে

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১×১৫=১৫

(ক) সারা বিশ্বের পালনকর্তা একজন। তিনি কে?

(খ) সুমাইয়া প্রতিদিন ঘুমানোর আগে একটি দোয়া পড়ে। সুমাইয়া কোন দোয়াটি পড়ে?

(গ) তুমি কীভাবে নৈতিক মূল্যবোধের বহিঃপ্রকাশ ঘটাবে?

(ঘ) তাজবিদে কতগুলো বিষয়ের বিবরণ রয়েছে। এ বিষয়গুলো কি?

(ঙ) হযরত দাউদ (আ)-এর ওপর একটি কিতাব নাজেল হয়। কিতাবটির নাম কী?

(চ) রিসালাত কাকে বলে?

(ছ) সওয়াল-জওয়াব অর্থ কী?

(জ) পাঁচ ওয়াক্ত সালাতের নাম লেখ।

(ঝ) নিসাব মানে কী?

(ঞ) ক্ষমাশীল ব্যক্তি কে?

(ট) আখলাক কাকে বলে?

(ঠ) মাখরাজ কাকে বলে?

(ড) সূরা কুরাইশ কোথায় অবতীর্ণ হয়?

(ঢ) পাদ্রি বহীরা হযরত মুহাম্মদ (স) সম্বন্ধে কী মন্তব্য করেছিলেন?

(ণ) 'মুহাজির' অর্থ কী?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭=৩৫

(ক) প্রকৃত ইমানদার হওয়ার জন্য তুমি কী করবে? পাঁচটি বাক্য লেখ। ৫

(খ) ইসলাম পাঁচটি রুকনের উপর প্রতিষ্ঠিত। রুকন মানে কী? সালাত ইসলামের কততম রুকন? সালাতের তিনটি উপকারিতা লেখ। ১+১+৩=৫

(গ) আখলাক কাকে বলে? তোমার পাঠ্যবইয়ে আখলাক ও নৈতিক মূল্যবোধের উপর রচিত আদর্শ কাহিনীটির মূল কথা কী? এর তিনটি ফলাফল লেখ। ১+১+৩=৫

(ঘ) মিশু ও নাহার এমন একটি কিতাবের কথা জানতে পারে যেটি যেমন নাজেল হয়েছিল, তেমনি আছে। মিশু ও নাহার কোন কিতাবটির কথা জানতে পারে? কিতাবটি সম্পর্কে আল্লাহপাক কী বলেছেন? কিতাবটি তিলাওয়াত করলে তুমি কী কী জানতে পারবে? তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫

(ঙ) মহানবি (স)-এর নবুয়ত প্রাপ্তির আগে হারবুল ফিজার সংঘটিত হয়। এটি সংঘটিত হয়েছিল কেন? এর বিভীষিকাময় করুণ দৃশ্য দেখে মহানবি (স) কোন সংঘ গঠন করেন? এ সংঘের তিনটি উদ্দেশ্য লেখ। ১+১+৩=৫

(চ) আল্লাহ তায়ালা সম্পর্কে জানা ও ইমান আনার জন্য আমাদের কী কী জানা জরুরি? পাঁচটি বাক্যে লেখ। ৫

(ছ) হজের গুরুত্ব ও তাৎপর্য পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) মানবাধিকার সম্পর্কে মহানবি (স)-এর ঘটনাটি পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

(ঝ) সূরা মাউনের বাংলা অর্থ লেখ। ৫

(ঞ) হযরত মুহাম্মদ (স)-এর নবুয়ত লাভের ঘটনা পাঁচটি বাক্যে লেখ। ৫

Teachingbd.com

# মডেল টেস্ট - ২ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓘখ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ |
| ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ |
| ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক |
| ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ |
| ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | খ | ৪১ | ঘ | ৪২ | গ | ৪৩ | গ | ৪৪ | গ | ৪৫ | ঘ |
| ৪৬ | ক | ৪৭ | ঘ | ৪৮ | ক | ৪৯ | ঘ | ৫০ | গ | | | | | | | | |

২। (ক) সারা বিশ্বের পালনকর্তা হলেন একমাত্র আল্লাহ তায়ালা।

(খ) সুমাইয়া প্রতিদিন ঘুমানোর আগে যে দোয়াটি পড়ে তা হলো- আল্লাহুম্মা বিইসমিকা আমূতু ও আহইয়া।

(গ) সব ভালো কাজে সহযোগিতা এবং সব মন্দকাজে বাধা দেওয়ার মাধ্যমে আমি নৈতিক মূল্যবোধের বহিঃপ্রকাশ ঘটাব।

(ঘ) তাজবিদে মাখরাজ, ইদগাম, গুন্নাহ ইত্যাদি বিষয়ের বিবরণ রয়েছে।

(ঙ) হযরত দাউদ (আ)-এর ওপর প্রসিদ্ধ আসমানি কিতাব 'যাবুর' নাজেল হয়।

(চ) নবি-রাসুলগণের কাজ বা দায়িত্বকে রিসালাত বলা হয়।

(ছ) সওয়াল-জওয়াব অর্থ প্রশ্ন এবং উত্তর।

(জ) পাঁচ ওয়াক্ত সালাত হলো-- ১. ফজর, ২. যোহর, ৩. আসর, ৪. মাগরিব ও ৫. এশা।

(ঝ) নিসাব মানে নির্ধারিত পরিমাণ বা মাত্রা।

(ঞ) যার মন উদার, অন্যের প্রতি দয়ামায়া বেশি এবং রাগ দমন করতে পারে সেই হলো ক্ষমাশীল ব্যক্তি।

(ট) সুন্দর স্বভাব ও ভালো চরিত্রকে আখলাক বলা হয়।

(ঠ) আরবি হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে।

(ড) সূরা কুরাইশ মক্কায় অবতীর্ণ হয়।

(ঢ) পাদ্রি বহীরা হযরত মুহাম্মদ (স)-কে এক অসাধারণ বালক বলে মন্তব্য করেন এবং তাঁকে শেষ নবি বলে ভবিষ্যদ্বাণী করেন।

(ণ) মুহাজির অর্থ হিজরতকারী।

TeachingBD.com